

আনিসুল হকের কুলখানি আজ

অনলাইন ডেস্ক



সদ্য প্রয়াত ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হকের কুলখানি আজ বুধবার বাদ আসর গুলশানের আজাদ মসজিদে অনুষ্ঠিত হবে।

গত শনিবার রাজধানীর আর্মি স্টেডিয়ামে মেয়র আনিসুল হকের জানাজা নামাজের আগে এ কথা জানান তার ছেলে নাভিদুল হক।

৩০ নভেম্বর বাংলাদেশ সময় রাত ১০টা ২৩ মিনিটে লন্ডনের দ্য ওয়েলিংটন হাসপাতালে চিকিৎসাধীন আনিসুল হক মারা যান।

এর আগে শনিবার আর্মি স্টেডিয়ামে তার জানাজা অনুষ্ঠিত হয়। সেখানে তাকে সর্বশ্রমের মানুষের শ্রদ্ধা জানান। এরপর তাকে বনানী কবরস্থানে ছেলের কবরে সমাহিত করা হয়।

বিডি প্রতিদিন/০৬ ডিসেম্বর ২০১৭/আরাফাত